

## Lusom এবং Biggest Morning Tea

২০শে মে রবিবার ২০১২ ইংরেজী ক্যালেন্ডার অনুযায়ী হৈমন্ত ঋতুর শেষ প্রায়, বাতাসে আগত শীতের পৌষালী ছোঁয়া। সেদিনের ‘হৈমন্ত’ রৌদ্রে উদ্ভাসিত সোনালী সকালে অনুষ্ঠিত হয়ে গেল Lusom এর চতুর্থ ‘Australia’s Biggest Morning Tea’ Lusom (Let Us Shape Our Money) মিন্টোতে প্রতিষ্ঠিত একটি বাংলাদেশী মহিলা স্বেচ্ছাসেবী দল যা সমমনা সাতজন নারীর উদ্যোগে গড়ে উঠেছে। সংসার, দৈনন্দিন জীবনযাত্রার ব্যস্ততা ও নানারকম দায়বদ্ধতাকে সামলে নিয়ে Communityর জন্য বৃহত্তর পর্যায়ে কিছু করার মহান উদ্দেশ্যকে ঘিরেই দলটির জন্ম। জন্মলগ্ন থেকে Lusom নানাধরনের Charity কর্মকাণ্ডের সাথে যুক্ত আছে; যার অন্যতম হচ্ছে Cancer Council NSW এর Fundraising এর জন্য Australia’s Biggest Morning Tea আয়োজন করা। এবারের Morning Tea টি ও ছিল তারই সূত্র ধরে আয়োজিত অত্যন্ত সফল একটি অনুষ্ঠান।

ঠিক সকাল দর্শটায় Morning Teার আনুষ্ঠানিক উদ্বোধন ঘটে। টেবিল জুড়ে ছিল রকমারী শীতের পিঠা, লুচি সবজি, মিষ্টি, চমচম সহ নানারকম মজাদার খাবারের প্রাচুর্য। পাশের দুটি টেবিলে সামিহা আর সামাস্থা মেহেদীর নকশায় হাত রাখিয়ে আর মিলি ভাবী তার শৈল্পিক দক্ষতায় কচি কচি সব মুখ গুলোতে Painting করে Fundraising কে শিল্পের মাত্রা দান করেন। মানবতার জন্য আমাদের সবার হৃদয়ে কিছু করার যে অলৌকিক অনুভূতি রয়েছে তারই তাগিদে সবাই সেদিন এসেছিলেন। তাঁদের প্রাণময় উপস্থিতিতে, লালসবুজ দলের অবিস্মরণীয় সব গানের সুরে সুরে আর সুস্বাদু সব খাবারের অবিরাম কেনাবেচায় মুখরিত হয়ে উঠে বাংলা স্কুলের প্রাঙ্গণ, চারিটি অনুষ্ঠানটি হয়ে উঠে এক গীতিময় উৎসব।

অনেকদিন পর অনেকের সাথে দেখা - ধূমায়িত চায়ের কাপ হাতে প্রিয় সব গান শুনতে শুনতে হৈমন্তী রোদে বসে জমে উঠে আড্ডা। এরই মাঝে Lusom কর্তৃক আয়োজিত Biggest Morning Tea’ র প্রতি অকুষ্ঠ সমর্থন জানিয়ে বক্তব্য রাখেন স্থপতি ইফতিখার আব্দুল্লাহ, ডা: নাহিদ, এবং কান্তা হুদা, এছাড়া বাংলা স্কুলের তরফ থেকে প্রেসিডেন্ট ড: খাইরুল চৌধুরী জনাব মাসুদ চৌধুরী, জনাব আব্দুল জলিল এবং Australian Muslim Welfare এর সভাপতি ড: আনিস আফরার তাদের বক্তব্যে Biggest Morning Tea’ র তাৎপর্য এবং তাদের সমর্থনের কথা ব্যক্ত করেন।

৩ ঘন্টা ব্যাপী অনুষ্ঠানটি শেষ হয়ে যাওয়ার পরও রয়ে গিয়েছিল সবার প্রাণের উত্তাপ আর সুরের রেশ। সবার আন্তরিক সহযোগিতা ও বদান্যতায় Lusom সেদিন Cancer Council এর Research, Prevention এবং Patient Support কর্মসূচীর জন্য \$2852 তহবিল সংগ্রহ করতে পেরেছে।

এই লেখার মাধ্যমে পিঠা, চমচম, মিষ্টি সহ অগণিত সব মজার মজার খাবার Donate করার জন্য খেয়া, রীতা, পারুল, রুমা, আইরিন, কাজল, ডেইজী, শেফালী, লুনা, লিজা, সালমা ভাবী সহ সবাইকে অকৃত্রিম কৃতজ্ঞতা জানাচ্ছি। আপনাদের সহযোগিতাই আমাদের শক্তি যার মাধ্যমে এবারের Biggest Morning Tea সফল হয়েছে।